

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৭

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - গোসলের বিবরণ

আরবী

وَعَنْ يَعْلَىٰ : أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلًا يَغْتَسِلُ بِالْبَرَازِ فَصَعِدَ الْمِنْبَرَ فَحَمَدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ وَقَالَ : «إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَ حَيِّ حَيِّ سَتِيرٌ يُحِبُ الْحَيَاةَ وَالسُّكُونَ فَإِذَا اغْتَسَلَ أَحَدُكُمْ فَلَيَسْتَتِرْ». رَوَاهُ أَبُو دَافُدَ وَالنَّسَائِيُّ وَفِي رِوَايَتِهِ قَالَ : «إِنَّ اللَّهَ سِتِيرٌ فَإِذَا أَرَادَ أَحَدُكُمْ أَنْ يَغْتَسِلَ فَلَيَتَوَارَ بِشَيْءٍ»

বাংলা

৪৪৭-[১৮] ইয়া'লা [ইবনু মুররাহ] (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে উলঙ্গ উন্মুক্ত জায়গায় গোসল করতে দেখলেন এবং (রাগভরে) তিনি মিষ্বারে দাঁড়ালেন। প্রথমে আল্লাহর প্রশংসা করলেন, এরপর বলেনঃ আল্লাহ তা'আলা বড় লজ্জাশীল ও পর্দাশীল। তিনি লজ্জাশীলতা ও পর্দা করাকে বেশী পছন্দ করেন। তাই তোমাদের কেউ গোসল করতে গেলে যেন পর্দা অবলম্বন করে। (আবু দাউদ)[১]

নাসায়ীর এক বর্ণনায় আছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্যাই আল্লাহ তা'আলা বড় পর্দাশীল। অতএব তোমাদের কেউ গোসল করতে ইচ্ছা করলে সে যেন কোন কিছু দিয়ে পর্দা করে নেয়।

ফুটনোট

[1] সহীহঃ আবু দাউদ ৪০১২, নাসায়ী ১/৭০, আহমাদ ৪/২২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: গোসলে লজ্জাশীলতা অবলম্বন করা এবং অন্তরালে গোসল করা ওয়াজিব। তবে কোন কোন ক্ষেত্রে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিবন্দু অবস্থায় গোসল করা দ্বারা তা বৈধতার বিবরণ পাওয়া যায়। তবে সেটা এমন নির্জন স্থান হতে হবে যেখানে তার স্ত্রী ছাড়া কেউ তাকে দেখবে না। সেক্ষেত্রে বিবন্দু অবস্থায় গোসল করা বৈধ। তবে অন্তরালে বা পর্দা করে গোসল করাই উন্নত। এ ব্যাপারে আবু দাউদ ও তিরমিয়ীর রিওয়ায়াতে বাহ্য

ইবনু হাকিম বর্ণনা করেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তুমি তোমার লজ্জাস্থান হিফায়াত কর স্ত্রী ব্যতীত অন্যদের থেকে। আমি বললাম, ব্যক্তি যদি নির্জনস্থানে হয় তবে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উত্তরে বললেন, আল্লাহ তা'আলা লজ্জাশীলতা অবলম্বনের জন্য সর্বাধিক হকদার। আর যদি গোসলখানা এমন হয় যে, সেখানে যাদের জন্য তার আবরণ দেখা হারাম, তাদের দৃষ্টিগোচর হওয়ার সম্ভাবনা রয়েছে, তাহলে অবশ্যই তার পর্দা করতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55006>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন